দোহাজারী-চট্টগ্রাম রেল লাইনে ঝুঁকিপূর্ণ ট্রেন চলাচল

নিউজ ডেক্স: চট্টগ্রাম-দোহাজারী রেল লাইন সংস্কার করা হলেও লাইনের সেতুগুলো সংস্কার না করায় ঝুঁকিপূর্ণ সেতু দিয়ে প্রতিদিন ট্রেন চলাচল করছে। এতে যেকোন মুহূর্তে ভয়াবহ দুর্ঘটনার আশঙ্কা করছেন এলাকাবাসী।

রেলওয়ের সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, চট্টগ্রাম থেকে দোহাজারী পর্যন্ত রেল লাইনটি ১৯৩০ সালে নির্মাণ করার মধ্য দিয়ে ট্রেন চলাচল শুরু হয়। সে-সময় চট্টগ্রাম- দোহাজারী রেল লাইনে ছোট-বড় ৫৫টির অধিক সেতু নির্মাণ করা হয়। সেতুগুলো দীর্ঘ সময় ধরে মেরামত না করায় ঝুঁকিপূর্ণ হয়ে পড়েছে। কিছুদিন পূর্বে কাঞ্চননগর এলাকায় একটি রেল সেতু ভেঙে পড়ে ট্রেন চলাচল বন্ধ হয়ে পড়েছিল।

সরেজমিনে দেখা যায়, বর্তমানে চন্দনাইশ উপজেলার বরুমতি খালের ওপর রেল সেতুতে পুরাতন পাটাতন দিয়ে ঝুঁকিপূর্ণভাবে ট্রেন চলাচল করছে। একইভাবে দোহাজারী এলাকায় ২টি, হাশিমপুর এলাকায় ৩টি, কাঞ্চননগর এলাকায় ৩টি রেল সেতু দীর্ঘ দিন ধরে সংস্কার না করার কারণে

ঝুঁকিপূর্ণ হয়ে পড়েছে। চট্টগ্রাম থেকে দোহাজারী পর্যন্ত ৪৭ কিলোমিটার রেল লাইনে ১৫ টি স্টেশন রয়েছে। এ রেলপথে চন্দনাইশের দোহাজারী, হাশিমপুর, ছৈয়দাবাদ, কাঞ্চননগর বাদামতল, মুরাদাবাদ, পটিয়ার খরনা, কমল মুন্সির হাট, ধলঘাট,বোয়ালখালির শাকপুরা, বেঙ্গুরাসহ বিভিন্ন এলাকার শত শত যাত্রী রেলপথে যাতায়াত করে থাকে।

এ প্রসঙ্গে সংশ্লিষ্টরা জানান, সেতুটি পার হওয়ার সময় গতি কমিয়ে ট্রেন চলাচল করছে। পাশাপাশি ওই স্থানে নতুন সেতু নির্মাণের জন্য প্রক্রিয়া চলছে। প্রাথমিকভাবে ক্ষুদ্র মেরামত করা হয়েছে।